

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৫.২০১৪-৬১২

তারিখঃ ১৫.০৪.২০১৪ বঙ্গাব্দ  
১২.০৮.২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ জুবাইদা খান (৪১১৪৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ শাখার ০৩.১১.২০০৮ তারিখের পার-৫/ছুটি-১৭/শিক্ষা/২০০৮/১১২৮নং প্রজ্ঞাপনে যুক্তরাজ্যে অসুস্থ স্বামীর সাথে চিকিৎসার সফর সজ্জী হিসেবে ০৮.০৯.২০০৮ তারিখ হতে ০৩(তিন) মাসের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ শাখার ৩০.০৬.২০১০ তারিখের পার-৫/ছুটি-১৭/শিক্ষা/২০০৮/৯৩৫নং প্রজ্ঞাপনে তাঁর অনুকূলে সর্বশেষ গত ০৮.০৬.২০১০ তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করা হয়;


যেহেতু, তিনি পরবর্তীতে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার জন্য আবারও আবেদন করেন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ শাখার ০৯.০৩.২০১১ তারিখের পার-৫/ছুটি-১৭/শিক্ষা/২০০৮/২৮৬নং প্রজ্ঞাপনে তাঁর বহিঃবাংলাদেশ বর্ধিত ছুটির আবেদন না মঞ্জুর করে তাকে অবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি সরকারি আদেশ অমান্য করে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০৯.০৬.২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, ১০.০৮.২০১৪ তারিখে কর্মস্থলে তাঁর অনুপস্থিতির মেয়াদ একনাগাড়ে ০৫ বছর ১১ মাস ২দিন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্থয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে সেহেতু এই অবসান ডাঃ জুবাইদা খান (৪১১৪৪) এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৯.০৯.২০১৩ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০১.২০১৩-৬২২/১(৭)

তারিখঃ ২২.০৮.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপ-সচিব (পার-২/পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। ডাঃ জুবাইদা খান (৪১১৪৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ ০৬, শহীদ মইনুল রোড, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা)

  
(মোঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)